দৈনিক ইত্তেফাক

তারিখ 18 MAR 1993
পৃষ্ঠা ৩ কলাম ৮

## ভিসি প্যানেল নির্বাচন ঃ প্রফেসর এমাজউদ্দীনের সর্বোচ্চ ভোট লাভ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্যানেল নির্বাচনে শিক্ষকদের 'সাদা' গ্রুপের দুই অংশ হইতে

(১০ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ভিসি প্যানেল

(১ম পৃঃ পর)

দুইজন এবং 'নীল' গ্রুপ হইতে একজন নির্বাচিত হইয়াছেন। সর্বোচ্চ ভোট পাইয়াছেন সাদা গ্রুপের এক অংশের প্রার্থী বর্তমান ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর এমাজউদ্দীন আহমেদ। তাহার প্রাপ্ত ভোট সংখ্যা ৫৪। দ্বিতীয় হইয়াছেন সাদা গ্রুপের অপর অংশের প্রার্থী সমাজ বিজ্ঞানের প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী। তাহার প্রাপ্ত ভোট সংখ্যা ৩৭। তৃতীয় হইয়াছেন 'নীল' গ্রুপের প্রার্থী মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর আমিনুল ইসলাম। তাহার প্রাপ্ত ভোট সংখ্যা ৩২। গতকাল রাতে চ্যান্সেলরের নিকট এই প্যানেল পাঠানো হইয়াছে। চ্যান্সেলর নির্বাচিত ৩ জনের মধ্য হইতে যেকোন একজনকে ভিসি পদে নিয়োগ প্রদান করিবেন।

বর্তমান ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর এমাজ উদ্দীন আহমেদের সভাপতিত্বে সিনেটের এক অধিবেশনে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। সিনেটের ১০৪ জন সদস্যের মধ্যে ৯৪ জন সদস্য নির্বাচনে ভোট প্রদান করেন। সাদা গ্রুপভুক্ত প্রফেসর এমাজ উদ্দীন আহমেদের প্যানেলের অপর দুই প্রার্থী ছিলেন মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদ ও প্রো-ভিসি বাংলা বিভাগের প্রফেসর ওয়াকিল আহমেদ। তাহারা যথাক্রমে ৩১ ও ২৮ ভোট পাইয়াছেন। একই গ্রুপের প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরীর প্যানেলের অপর দুই প্রার্থী ছিলেন ভাষা ইনষ্টিটিউটের প্রফেসর মনসুর মুসা ও বাংলা বিভাগের প্রফেসর সাঈদ-উর-রহমান। তাহারা যথাক্রমে ২০ ও ১৯ ভোট পাইয়াছেন।

ভিসি প্যানেল নির্বাচন উপলক্ষে গতকাল প্রশাসনিক ভবন এলাকায় বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়। ডাকসু মনোনীত ৫ জন সিনেট সদস্য পুলিশ প্রহরায় ভোট দিতে আসেন এবং পুলিশ প্রহরায় চলিয়া যান। নির্বাচন অনুষ্ঠানের সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ, অফিসার-কর্মচারীবৃন্দ, ছাত্রনেতৃবৃন্দ প্রশাসনিক ভবনে ভিড় করেন।

ভিসি প্যানেল নির্বাচনকে কেন্দ্র করিয়া সরকার সমর্থিত শিক্ষকদের সাদা গ্রুপ মূলতঃ বিভক্ত হইয়া যায়। গতকাল রাতে বাংলার প্রফেসর সাঈদ-উর-রহমান অভিযোগ করেন, শিক্ষামন্ত্রী এই নির্বাচনে হস্তক্ষেপ করিয়াছেন। সাঈদ-উর-রহমান বলেন যে, তাঁহার স্ত্রীকেও টেলিফোনে বিশেষ প্রার্থীর পক্ষে ভোট দিতে বলা হইয়াছিল।